



www.bilsbd.org

বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ- বিল্‌স

বাড়ি ২০ (৪র্থ তলা), সড়ক ১১ (নতুন), ৩২ (পুরাতন), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯
ফোন: +৮৮-০২-৯১৪৩২৩৬, ৯১২০০১৫, ৯১২৬১৪৫, ৯১১৬৫৫৩, ফ্যাক্স : ৮৮-০২-৫৮১৫২৮১০, E-mail : bils@citech.net

তারিখ: ২৪ ফেব্রুয়ারি, ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

খ্যাতিমান কলামিস্ট, গবেষক, প্রাবন্ধিক, সাংবাদিক ও লেখক সৈয়দ আবুল মকসুদের মৃত্যুতে বিল্‌স নেতৃবৃন্দের শোক প্রকাশ

খ্যাতিমান কলামিস্ট, গবেষক, প্রাবন্ধিক, সাংবাদিক ও লেখক সৈয়দ আবুল মকসুদের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন বিল্‌স চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান সিরাজ এবং মহাসচিব নজরুল ইসলাম খান।

সৈয়দ আবুল মকসুদের মৃত্যুতে বিল্‌স পরিবারের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করে চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান সিরাজ এবং মহাসচিব নজরুল ইসলাম খান বলেন, সৈয়দ আবুল মকসুদ মেহনতি-খেটে খাওয়া শ্রমজীবী মানুষের সার্বিক কল্যাণে সবসময় কাজ করে গেছেন। শ্রমজীবী মানুষের কল্যাণে তিনি তার লেখনীর মাধ্যমে বিভিন্ন জাতীয় বিষয়ে জনসচেতনতা সৃষ্টিতে তিনি উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছেন। তার এসকল বিশেষ কর্মকাণ্ডের জন্য তিনি অরুণীয় হয়ে থাকবেন। তাঁর মৃত্যুতে শ্রমজীবী মানুষসহ দেশ ও জাতির অপূরণীয় ক্ষতি হয়েছে। নেতৃবৃন্দ বলেন, সৈয়দ আবুল মকসুদের সাহিত্য ও গবেষণাকর্ম জাতি চিরদিন স্মরণ রাখবে।

তারা তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে শোকাক্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

বার্তা প্রেরক

মামুন অর রশিদ
তথ্য কর্মকর্তা, বিল্‌স
০১৯১৪৮৯১২২৩